

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৩০

মোহনপুর, ২৬ জুলাই, ২০২৪

**জেলাশাসকের সভাপতিত্বে গামছাকোবরা ভিলেজে উন্নয়ন প্রকল্প নিয়ে সভা**

পশ্চিম ত্রিপুরা জেলার লেফুঙ্গা ইউনিয়নে গামছাকোবরা এডিসি ভিলেজ অফিসের কনফারেন্স হলে আজ ভিলেজের বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। সভায় উপস্থিত ছিলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা, লেফুঙ্গা ইউনিয়ন বিএসি চেয়ারম্যান রনবীর দেববর্মা, লেফুঙ্গা ইউনিয়ন বিডিও নরেন্দ্র রিয়াৎ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং এলাকাবাসী। আলোচনা সভায় আধিকারিকগণ ভিলেজ এলাকার বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে আলোচনা করেন। সভায় এলাকাবাসীগণ এলাকার বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন। জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার এলাকাবাসীর বিভিন্ন সমস্যা সমাধানের জন্য দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*